দৈনিক বাংলা

তারিখ 24 OCT 1986
পৃষ্ঠা ... ১ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

# প্রেসিডেন্ট এরশাদের



প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বৃহস্পতিবার বঙ্গভবনে প্রধান বিচারপতি এফ কে এম এ মুনিমের কাছে শপথ গ্রহণ করেন —দৈনিক বাংলা

(স্টাফ রিপোর্টার)

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল বিকালে বঙ্গভবনে আনুষ্ঠানিকভাবে দেশের তৃতীয় নির্বাচিত প্রেসিডেন্ট হিসাবে শপথ গ্রহণ করেছেন বাংলাদেশের প্রধান বিচারপতি জনাব এফ কে এম এ মুনিম প্রেসিডেন্ট এরশাদকে শপথ গ্রহণ করান।

গত ১৫ই অক্টোবর প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে অনুষ্ঠিত প্রত্যক্ষ নির্বাচনে প্রেসিডেন্ট এরশাদ বিপুল ভোটে প্রজাতন্ত্রের দশম প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হন।

প্রেসিডেন্ট এরশাদ তার শপথ বাক্যে বাংলাদেশের প্রতি অবিচল বিশ্বাস ও আনু[illegible] প্রকাশ, সংবিধানের হেফাজত ও রক্ষা এবং সকল প্রকার ঈর্ষা, অনুরাগ অথবা বিরাগের উর্ধ্বে থেকে সকলের প্রতি আইনানুগভাবে সমান আচরণের অঙ্গীকার করেন।

শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তিন উপপ্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল আতিকুর রহমান, রিয়ার এডমিরাল সুলতান আহমদ, এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ, প্রধান মন্ত্রী মিজানুর রহমান চৌধুরী, সাবেক প্রেসিডেন্ট বিচারপতি জনাব আহসানউদ্দিন চৌধুরী, জাতীয় সংসদের স্পীকার জনাব শামসুল হুদা চৌধুরী, মন্ত্রিসভার

105

দৈনিক বাংলা

তারিখ 24 OCT 1986
পৃষ্ঠা ... ১ ...

# শপথ গ্রহণ

সদস্যবৃন্দ, সংসদ সদস্য, সুপ্রীম কোর্টের বিচারপতি, ভাইস চ্যান্সেলর, জাতীয় সংবাদপত্র ও সংবাদ সংস্থার সম্পাদক, রাষ্ট্রদূত, রাজনৈতিক নেতা, পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং দেশের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বিকাল ঠিক সাড়ে তিনটা। হালকা নরম আলোয় আলোকিত বঙ্গভবনের প্রশস্ত হল রুমে অতিথিরা অপেক্ষা করছিলেন প্রেসিডেন্টের আগমনের। বিউগলে বেজে ওঠে তার আগমন ধ্বনি। গাঢ় নীল প্রিন্স স্যুট পরিহিত প্রেসিডেন্ট এরশাদ ধীর পদক্ষেপে হল ঘরে প্রবেশ করেন। দু জন এডিসি এসকর্ট করে তাঁকে শপথ মঞ্চে নিয়ে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শপথ গ্রহণ

(প্রথম পৃঃ পর)

যান। এরপরই শপথ মঞ্চে আসেন প্রধান বিচারপতি। বেজে ওঠে জাতীয় সঙ্গীত। বিচারকের ঐতিহ্যবাহী পরচুলা পরিহিত প্রধান বিচারপতি জনাব এফ কে এম এ মুনিম ভাব গম্ভীর পরিবেশে বাংলাদেশের দশম প্রেসিডেন্টকে শপথ বাক্য পাঠ করান।